

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মন্ত্রণালয়

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৭১৯.২০১৫ ১০৪১

তাং ১০ -০৪-২০১৭খ্রিঃ।


বিষয় : পটুয়াখালী জেলার বাউফল পৌরসভার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে প্রস্তাবিত চারটি (মদনপুরা, নাজিরপুর তাতেকটি, বাউফল ও দাসপাড়া) ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠান প্রসংগে।

সূত্র : পৌর-১ শাখার ইউ,ও,নোট নং ৪৬.০০.০০০০.০৬৩.৩৮.০০১.১৭-৪৮২ তাং- ১৮ এপ্রিল, ২০১৭খ্রিঃ।

পটুয়াখালী জেলার বাউফল পৌরসভার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করা সংক্রান্ত গেজেট প্রকাশের পর সম্প্রসারণের পক্ষে বিপক্ষে মাননীয় হাইকোর্ট ডিভিশনে বিভিন্ন রীট মামলা দায়ের করা হয়েছে। রীট পিটিশন নং ১২৬৫৭/২০১৫ মামলাটি দাসপাড়া মৌজাকে বাউফল পৌরসভায় অন্তর্ভুক্ত না করার দাবীতে দায়েরকৃত এবং মামলাটি বর্তমানে বিচারাধীন রয়েছে।

০২। এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট ডিভিশনে দায়েরকৃত রীট পিটিশন নং- ১২৬৫৭/২০১৫ মোকদ্দমায় প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য রীট মামলা সংক্রান্ত কাগজপত্রাদি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ----- ফর্দ।


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব (আইন-১)
৯৫৪০৯৯

বিজ্ঞ সলিসিটর
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সলিসিটর উইং
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। উপসচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ
- ০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৪। অফিস কপি।